



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২ এপ্রিল, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২ এপ্রিল, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয় হ্যান্ডবল মাঠে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৯-এর শুভ উদ্বোধনী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথীর বক্তব্যে অংশগ্রহনকারী সকল দলকে অভিনন্দন জানিয়ে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, খেলাধুলা শরীর ও মন কে সতেজ রাখে। বিশ্ববিদ্যালয় প্রশাসন পড়াশোনার পাশাপাশি খেলাধুলাকে সবসময় উৎসাহিত করে। ভাতৃত্ববোধে বলিয়ান হয়ে সুষ্ঠু ও সুন্দর ভাবে খেলাধুলা সম্পন্ন হবে বলে আমি আশাবাদী।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন খেলাধুলা ও ক্রিয়া উপকমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সৌউদ বিন আমিয়া প্রমুখ।

উদ্বোধনী খেলায় ইংরেজি বিভাগ বাংলা বিভাগকে ২-০ সেটে পরাজিত করে বিজয়ী হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার